

Annual Company Conference for FY 2014

সমকাল

মঙ্গলবার

২৬ মে ২০১৫ ১২ জ্যৈষ্ঠ ১৪২২

আনন্দ প্রতিদিন

> ৭

করপোরেট খবর



এসএমসির বার্ষিক সম্মেলনে প্রধান অতিথি ছিলেন কোম্পানির চেয়ারম্যান মোহাম্মদ আলী

এসএমসির বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

অনুষ্ঠিত হলো দেশের অন্যতম শীর্ষস্থানীয় বেসরকারি প্রতিষ্ঠান সোশ্যাল মার্কেটিং কোম্পানির ২০১৪ অর্থবছরের বার্ষিক সম্মেলন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এসএমসির বোর্ড অব ডিরেক্টরদের চেয়ারম্যান মোহাম্মদ আলী। সম্মেলনে ২০১৪ অর্থবছরের বিক্রয় দক্ষতার ওপর আলোকপাত করা হয় এবং প্রশংসনীয় অবদানের জন্য সেলস টিমের সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। উল্লেখ্য, পরিবার পরিকল্পনা ও শিশুস্বাস্থ্য অবদান রাখার ক্ষেত্রে এসএমসি দেশে ও আন্তর্জাতিক অঙ্গনে অন্যতম বৃহৎ ও সফল একটি প্রতিষ্ঠান। সম্মেলনে এসএমসির ১২টি আঞ্চলিক অফিসের সেলস টিমের কর্মীদের অসাধারণ অবদানের জন্য স্বীকৃতি ও প্রশংসা-স্মারক প্রদান করা হয়। এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের বিক্রয় উপমহাব্যবস্থাপক সাহিদুর রহমান সবেলনে ২০১৪ অর্থবছরের পারফরম্যান্স উপস্থাপন করেন। ২০১৪ সালে এসএমসি প্রায় ৪ কোটি ১৩ লাখ সাইকেল জন্মবিরতিকরণ খাবার বড়ি, ১৫ কোটি ৫৭ লাখ ৮০ হাজার পিস কনডম এবং ১৪ লাখ ১০ হাজার এম্পুল জন্মবিরতিকরণ ইনজেকশন বিতরণ করে, যা সারাদেশের প্রায় ৪৩ লাখ ৩৬ হাজার দম্পতিকে অপরিকল্পিত গর্ভধারণ থেকে সুরক্ষা দিয়েছে। এছাড়া এসএমসি প্রায় ৪৬ কোটি ৯০ লাখ প্যাকেট গুরস্যালাইন, শিশুদের জন্য ১ কোটি ২৮ লাখ প্যাকেট মনিমিল্ক বা মাইক্রোনিউট্রিয়েন্ট পাউডার, ৬ লাখ ২০ হাজার এসএমসি জিঙ্ক ব্লিষ্টার, ১১ লাখ ৫০ হাজার জয়া স্যানিটারি ন্যাপকিন এবং প্রায় ১ লাখ ৭৮ হাজার সেফ ডেলিভারি কিট বিতরণ করে। সাহিদুর রহমান তার উপস্থাপনায় আরও উল্লেখ করেন, বিগত বছরের তুলনায় এসএমসির আয় এ বছর প্রায় ২৩ শতাংশেরও বেশি বৃদ্ধি পেয়েছে। অনুষ্ঠানে মোহাম্মদ আলী ২০১৪ অর্থবছরে সেলস টিমের কর্মীদের তাদের ত্যাগ, নিষ্ঠা ও বিক্রয়ের লক্ষ্যমাত্রা অর্জনে কঠোর পরিশ্রম করার জন্য ধন্যবাদ জানান। এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মো. আলী রেজা খান বলেন, আগামী পাঁচ বছরের কৌশলগত পরিকল্পনার অংশ হিসেবে বার্ষিক আয় বৃদ্ধির লক্ষ্যমাত্রা পূরণে আরও চ্যালেঞ্জ নিয়ে কাজ করতে হবে। এসএমসির ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা আশফাক রহমান সেলস ভিশন ২০২০ অর্জনের লক্ষে প্রণীত পাঁচ বছরের কৌশলগত পরিকল্পনার মূল বিষয়গুলোর ওপর আলোকপাত করেন।



সোশ্যাল মার্কেটিং কোম্পানির (এসএমসি) ২০১৪ অর্থবছরের বার্ষিক সম্মেলন সম্প্রতি রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমসির বোর্ড অব ডিরেক্টরসের চেয়ারম্যান মোহাম্মদ আলী। সম্মেলনে ২০১৪ অর্থবছরের প্রতিবেদন উপস্থাপনা করেন এসএমসি এন্টারপ্রাইজের বিক্রয় উপমহাব্যবস্থাপক সাহিদুর রহমান। বিজ্ঞপ্তি।



এসএমসির বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

গত রোববার হোটেল সোনারগাঁওয়ে অনুষ্ঠিত হলো সোশ্যাল মার্কেটিং কোম্পানির ২০১৪ অর্থবছরের বার্ষিক সম্মেলন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমসির বোর্ড অব ডিরেক্টরসের চেয়ারম্যান মোহাম্মদ আলী। সম্মেলনে ২০১৪ অর্থবছরের বিক্রয় দক্ষতার ওপর আয়োজকপাত করা হয় এবং প্রশংসনীয় অর্কাদের জন্য সেলস টিমের সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের বিক্রয় উপমহাব্যবস্থাপক সাহিদুর রহমান সম্মেলনে ২০১৪ অর্থবছরের পারফরম্যান্স উপস্থাপন করেন। সাহিদুর রহমান তার উপস্থাপনায় আরো উল্লেখ করেন, বিগত বছরের তুলনায় এসএমসির আয় এ বছর ২৩ শতাংশেরও বেশি বৃদ্ধি পেয়েছে। এসএমসির ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা আশফাক রহমান সেলস টিমের সবাইকে ২০১৪ অর্থবছরে তাদের অসাধারণ সাফল্যের জন্য অভিনন্দন জানান। সম্মেলনে এসএমসির বোর্ড অব ডিরেক্টরসের সদস্য, অর্থকর্তা, ইউএসএআইটির প্রি এইচ-এনইর সিনিয়র টেকনিক্যাল ও পলিসি অ্যাডভাইজার ডাঃ সুকুমার সরকারসহ আরো অনেকে উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি।

৪ | কালের কণ্ঠ

শিল্প বাণিজ্য

মঙ্গলবার | ২৬ মে ২০১৫ | ১২ জ্যৈষ্ঠ ১৪২২

করপোর্টেট কর্ণার



সোশ্যাল মার্কেটিং কম্পানির ২০১৪ অর্থবছরের বার্ষিক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কম্পানির বোর্ড অব ডিরেক্টরসের চেয়ারম্যান মোহাম্মদ আলী। সম্মেলনে ২০১৪ অর্থবছরের বিক্রয় দক্ষতার ওপর আলোকপাত করা হয় এবং প্রশংসনীয় অবদানের জন্য সেলস টিমের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।

Star **BUSINESS**

The Daily Star
DHAKA TUESDAY MAY 26, 2015

B3



SMC
Muhammed Ali, chairman of the Social Marketing Company (SMC), attends the company's annual conference held at Pan Pacific Sonargaon Hotel in Dhaka on Sunday.

DHAKA, TUESDAY MAY 26, 2015

www.theindependentbd.com



Chairman of SMC Board of Directors Muhammed Ali attended the annual company conference of SMC as the chief guest held at hotel in the capital on Sunday. PHOTO: COURTESY